

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১

০৪ জানুয়ারী, ২০২১
তারিখ: ২০ পৌষ, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক বেসরকারী খাতের সাধারণ বীমা-কোম্পানীসমূহকে তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

শিরোনাম বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখ: ১৩ মার্চ, ২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে তফসিলি ব্যাংক কর্তৃক বীমাপত্র/কভার নোট গ্রহণের ক্ষেত্রে বীমা-কোম্পানীর ক্রেডিট রেটিং বিবেচনা করে তালিকাভুক্তির নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু, সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের নিকট এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, কতিপয় তফসিলি ব্যাংক কর্তৃক বীমাপত্র/কভার নোট গ্রহণের ক্ষেত্রে বীমা-কোম্পানীর ক্রেডিট রেটিং বিবেচনা না করে তালিকাভুক্তির জন্য নিজস্ব বিবেচনায় বিভিন্ন শর্ত আরোপ করা হচ্ছে, যা সূত্রোল্লিখিত সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনার পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখ: ১৩ মার্চ, ২০১১-এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণের জন্য আপনাদেরকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।